

আন্তর্জাতিক

নেপালের ইতিহাস কাঁপানো আরও কয়েকটি প্রাকৃতিক দুর্যোগ

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



প্রকৃতির রোষে বুক কঁপে উঠেছে নেপালের। গত বুধবার হঠাৎ হিমবাহের বিশাল একটা অংশ ছড়মুড় করে ধসে পড়ে। এতে সৃষ্টি হওয়া বন্যায় ৪০০ জনের বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। নিখোঁজ রয়েছেন অন্তত ১৫০০ জন।

হিমালয়ের কোলঘেঁষা এই দেশটি প্রাকৃতিক দুর্যোগের সাথে লড়াই করেই বেঁচে আছে। ইতিহাসের পাতা উল্টালে দেখা যায়, নেপালে এর আগেও বহুবার বড় বড় প্রাকৃতিক বিপর্যয়ের মুখোমুখি হয়েছে, যা কেড়ে নিয়েছে হাজার হাজার প্রাণ।

১৯৩৪ সালে ৮ মাত্রার ভয়াবহ ভূমিকম্পে প্রায় ৮,৫০০ মানুষ প্রাণ হারান এবং হাজার হাজার মানুষ গুরুতর আহত হন।

১৯৮৮ সালে পূর্ব নেপালে ৬.৯ মাত্রার ভূমিকম্প হয়। তাতে ৭২১ জনের মৃত্যু হয় এবং আহত হন প্রায় ৬,৫০০ মানুষ।

১৯৯৩ সালে মারাত্মক বন্যা ও ধস হয়। পাহাড়ি ঢল ও ধসে ১,৩০০ জনের বেশি মানুষ মারা যান এবং অসংখ্য মানুষ নিখোঁজ হন।

২০১৫ সালের এপ্রিলে গোর্খায় ৭.৮ মাত্রার ভূমিকম্প হয়। তাতে প্রায় ৮,৯৬৪ জনের মৃত্যু হয় এবং ২২,০০০-এর বেশি মানুষ আহত হন।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছুঁতদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার দাবি করেছে ইরোমেনের সশস্...



হুথীদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/nepaler-itihas-kanpano-aro-kyekti-prakritik-durjog>